# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৭. ‘হাদাস’ (ওযু ভঙ্গের কারণ) ঘটা ব্যতীত ওযুর প্রয়োজন নেই

بَاب لَا وُضُوءَ إِلَّا مِنْ حَدَثٍ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا وَجَدَ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ حَرَكَةً فِي دُبُرِهِ فَأَشْكَلَ عَلَيْهِ أَحْدَثَ أَوْ لَمْ يُحْدِثْ فَلَا يَنْصَرِفَنَّ حَتَّى يَسْمَعَ صَوْتًا أَوْ يَجِدَ رِيحًا

إسناده صحيح

বাংলা

৭৪৪. আবু হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের কেউ সালাতে থাকাকালীন যদি তার পশ্চাদ্দেশে কম্পন অনুভব করে, ফলে তার মনে সন্দেহের উদ্রেক হয় যে, তার ’হাদাস’ (তথা বায়ু নির্গমনের মাধ্যমে ওযু নষ্ট) হয়েছে, নাকি হয়নি, তবে সে যেন অবশ্যই তার সালাত ত্যাগ না করে, যতক্ষণ না সে (বায়ু নির্গমনের) শব্দ শোনে অথবা, দুর্গন্ধ পায়।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ২/৪১৪; আবু দাউদ ১৭৭; সহীহ মুসলিম ৩৬২; বাইহাকী ১/১১৭; তিরমিযী ৭৪; দেখুন তালখীসুল হাবীর ১/১২৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76120

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন